

القوي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৪ তম নাম ‘القوي’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘القوي’ শব্দের মূল ق - و - ي, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪২ বার এসেছে। প্রবল শক্তিদ্বর, অটল শক্তিদ্বর, শক্তিদ্বর, প্রচল্ড ক্ষমতাদ্বর ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ القوي অর্থ: ‘প্রবল পরাক্রমশালী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

مَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ﴿٧٤﴾

তারা আল্লাহর যথার্থ মর্যাদা উপলব্ধি করে না। নিশ্চয়ই আল্লাহ শক্তিদ্বর পরাক্রমশালী। (সূরা আল হাজ্জ: আয়াত নং ৭৪)

খন্দকের যুদ্ধে কাফেরদের পরাজয়ের পর আল্লাহ ইরশাদ করেন-

وَرَدَّ اللَّهُ الَّذِينَ كَفَرُوا بِغَيْظِهِمْ لَمْ يَنَالُوا خَيْرًا وَكَفَى اللَّهُ الْمُؤْمِنِينَ الْقِتَالَ وَكَانَ اللَّهُ قَوِيًّا
عَزِيزًا ﴿٢٥﴾

আল্লাহ কাফেরদের ফিরিয়ে দিলেন তাদের ক্ষোভসহ। তারা কোনো ফায়দা হাসিল করেনি। যুদ্ধে মুমিনদের জন্য আল্লাহই যথেষ্ট। আর আল্লাহ অতীব শক্তিদ্বর, মহাপরাক্রমশালী? (সূরা আল আহযাব: আয়াত নং ২৫)

اللَّهُ لَطِيفٌ بِعِبَادِهِ يَرْزُقُ مَنْ يَشَاءُ وَهُوَ الْقَوِيُّ الْعَزِيزُ ﴿١٩﴾

আল্লাহ তাঁর বান্দাদের প্রতি পরম দয়াবান। তিনি যাকে ইচ্ছা জীবিকার প্রাচুর্য দিয়ে থাকেন। তিনি প্রচণ্ড ক্ষমতাদ্বর, মহাপরাক্রমশালী। (সূরা আশ শুরা: আয়াত নং ১৯)

ইবনে মাজাহ শরীফের হাদিস:

কোন জাতিকে কল্যাণ দেয়া হয় না, যতক্ষণ না সে জাতির দুর্বলতম লোক বিনা বাঁধায়, বিনা দ্বিধায় তার অধিকার চাইতে পারে।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন, প্রচন্ড ক্ষমতাধর আল্লাহর পাকড়াও থেকে নিজেদেরকে রক্ষা করার জন্য তাঁর ও তাঁর রাসূলের আনুগত্য করি। আল্লাহর সাথে কাউকে শরীক না করি। কারণ শিরকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ।